দৈনিক সংবাদ

JUN 06 2002 JUN 07 2002

তারিখ ...

পৃষ্ঠা ৬ কলাম ২

### বাবুরহাট প্রাথমিক বিদ্যালয়

# প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ভাল ফলাফল করেছে

নীলফামারী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ প্রত্যন্ত উপজেলা ডিমলার আদর্শ স্কুল বাবুরহাট মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় চলতি বছরের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ভাল ফলাফল করে সবাইকে তাক লাগিয়ে দিয়েছে।

স্কুলের কৃতীছাত্র পরিমল কুমার রায় ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে। তার পিতা খগা বড়বাড়ি স্কুলের প্রধান শিক্ষক প্রমথ কুমার রায়, মা ভারতী রানী।

একই স্কুলের শামীমা আফরোজ আভা ও মেঘদূত কুমার সিংহ রায় সাধারণ গ্রেডে বৃত্তি পেয়েছে। আভার পিতা ডিমলা কলেজের প্রদর্শক শফিকুল ইসলাম, মা রুখসানা বেগম মডেল স্কুলের সহকারী শিক্ষিকা। মেঘদূতের বাবা মোহিত কুমার সিংহ আদর্শ কৃষক, মা দিপালী রানী গৃহিণী।

স্কুলের প্রধান শিক্ষক সন্তোষ কুমার মৈত্র জানালেন, তারা গত বছর জাতীয় মিনা দিবসে অংশ নিয়ে জেলার মধ্যে শ্রেষ্ঠ হয়।